# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

# ময়মনসিংহ

## ২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তিপ্রাপ্তদের তালিকা

(সেশন- ২০২২-২০২৩)

website : www.mymensingheducationboard.gov.bd

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয় : ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন : ০৯১-৫৩৩৩৪, E-mail:chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd


**বিজ্ঞপ্তি**

স্মারক-ময়শিবো/এসএসসি/বৃত্তি/২০২০/২০ তারিখঃ ২০/০৮/২০২৪খ্রি.

বিষয় ঃ **২০২৪ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় "মেধাবৃত্তি" এবং "সাধারণ বৃত্তি" প্রদানের তালিকা প্রকাশ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা এর ০১/০৮/২০২৪ খ্রি: তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.২১-২৯৩ স্মারক পত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের ২০২৪ সালের (২০২২-২০২৩ শিক্ষা বর্ষ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ ফলাফলের ভিত্তিতে নিম্নে বর্ণিত শর্তে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় নিয়মিত ছাত্র/ছাত্রীদের 'মেধাবৃত্তি' এবং 'সাধারণ বৃত্তি' প্রদান করা হ'ল। সরকারি নিয়ম ও নীতিমালা অনুযায়ী এ বৃত্তির তালিকা প্রনয়ণ করা হয়েছে। বৃত্তি প্রদানের সময় নিম্নে বর্ণিত নিয়ম ও নীতিমালা অবশ্যই মেনে চলতে হবে।

**শর্তাবলী:**

১। বৃত্তি গেজেটে শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশ গ্রহণ করেছে সেই প্রতিষ্ঠানের নাম থাকবে এবং প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট প্রদান সাপেক্ষে ভর্তিকৃত প্রতিষ্ঠান থেকে টাকা উত্তোলন করবে। এরপরও বৃত্তির তালিকা প্রণয়নে কোন প্রকার সমস্যা হলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মতামত গ্রহণ করতে হবে।

২। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩। বৃত্তিগুলো সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের সৎ স্বভাব এবং লেখাপড়া অগ্রগতির সন্তোষজনক শর্তে হতে হবে।

৪। সকল মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রী অবশ্যই বিনা বেতনে লেখাপড়ার সুযোগ লাভ করবে। সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন দাবী করবে না। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন দাবী করলে ঐ শিক্ষা প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নির্ধারিত সময়ের মধ্যে বৃত্তির অর্থ উত্তোলনপূর্বক বৃত্তিধারীদের মধ্যে বিতরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। সকল বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী এককালীন অনুদান (Lump-sum grant) ভোগ করতে পারবে।

৭। এ বৃত্তির মেয়াদ ২০২৩ সালের জুলাই মাস হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের চলতি কোর্স সমাপনী পর্যন্ত ০২ বছর।

৮। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী পরবর্তীকালে সরকার অনুমোদিত নির্দিষ্ট বৃত্তি ব্যতিরেকে অন্য কোন কারিগরী বা পেশাগত প্রতিষ্ঠান থেকে কোন বৃত্তি পেলে তবে সে দুটি বৃত্তি ভোগ করতে পারবে।

৯। বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীকে অবশ্যই কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে। অন্যথায় বৃত্তি ভোগ করতে পারবে না।

১০। বৃত্তি সংক্রান্ত যে কোন শর্তাবলী সরকারের অনুমোদনক্রমে মহাপরিচালক কর্তৃক আরোপিত হতে পারে। সরকারি আদেশে অন্তর্ভুক্ত বৃত্তির সংখ্যা, হার এবং সময়কাল বা সময়সীমা শর্তসাপেক্ষে এবং সরকার মনে করলে কোন কারণ না দেখিয়ে এগুলো সংশোধন ও বাতিল করতে পারবে।

১১। কোন বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রী এক শিক্ষা প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নিয়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে ততক্ষণাৎ সংশ্লিষ্ট দুটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বৃত্তি বদলীর ব্যাপারে নির্ধারিত ছকে তথ্যাবলীসহ বৃত্তি স্থানান্তরের জন্য অবশ্যই মহাপরিচালক মাউশি বরাবর আবেদন করতে হবে। অন্যথায় প্রয়োজনীয় অনুমতির অভাবে সংশ্লিষ্ট বৃত্তির টাকা উত্তোলন করতে না পারার জন্য উভয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণই দায়ী থাকবেন।

১২। বৃত্তির গেজেটে বৃত্তিপ্রাপ্ত শিক্ষাথীদের বৃত্তির বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে ব্যাংক হিসাবে প্রেরণের নিমিত্তে বাংলাদেশ তফসীলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন ব্যাংকে একাউন্ট খুলে হিসাব নম্বর ভর্তিকৃত প্রতিষ্ঠানে ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা প্রদানের জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করতে হবে।

১৩। সময়মত বৃত্তির টাকা না উঠাবার ফলে উহা তামাদি হলে উপযুক্ত কারণ প্রদর্শন পূর্বক মহা পরিচালক মাউশি বরাবর আবেদন করতে হবে। বৃত্তি তালিকায় ছাত্র-ছাত্রীদের নামের পার্শ্বে উত্তীর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হয়েছে।

১৪। বৃত্তির তালিকা প্রস্তুতের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলো পর্যায়ক্রমে অনুসরণ করা হয়েছে:

(ক) মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ভিত্তিতে (৪র্থ বিষয় ব্যতিত) বৃত্তি প্রদান করা হয়েছে।

(খ) একাধিক শিক্ষার্থী একই জিপিএ পেলে প্রথমে ৪র্থ বিষয় ব্যতিত প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রমে প্রস্তুত করা হয়েছে।

(গ) ৪র্থ বিষয় ব্যতিত প্রাপ্ত মোট নম্বর একই হলে ৪র্থ বিষয়সহ প্রাপ্ত মোট নম্বরে ভিত্তিতে মেধাক্রমে প্রস্তুত করা হয়েছে।

(ঘ) ৪র্থ বিষয় ব্যতিত প্রাপ্ত মোট নম্বর একই হলে পর্যায়ক্রমে বাংলা ও ইংরেজী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রমে নির্ধারিত হয়েছে।

(ঙ) পর্যায়ক্রমে বাংলা ও ইংরেজী বিষয়ে প্রাপ্ত নম্বর একই হলে সংশ্লিষ্ট বিভাগে বাধ্যতামূলক দুটি বিষয়ে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারত হয়েছে।

১৫। যে সকল ছাত্র/ছাত্রী একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে এ বিজ্ঞপ্তি বলে তাদের বৃত্তির টাকা তোলা যাবে না। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে নিজ নিজ ছাত্র/ছাত্রীর এ ধরনের স্বীকারোক্তি এবং পূর্বতন শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি বাতিল/বদলি পত্রের সত্যায়িত কপিসহ প্রকৃত অধ্যয়নরত/শেষোক্ত প্রতিষ্ঠানের প্রধানগণ উক্ত ছাড়পত্রের অনুলিপি এবং বৃত্তির টাকা উঠানো ও প্রদান সম্পর্কিত পূর্ণ বিবরণসহ কোন তারিখ হতে কোন তারিখ পর্যন্ত বৃত্তির টাকা উত্তোলন করে বিতরণ করা হয়েছে বা আদৌ উঠানো হয়নি তার তথ্য বর্তমান ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানে দাখিল করলে বৃত্তিটি স্থানান্তরের ব্যাপারে সংশ্লিষ্ট অধ্যক্ষ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

১৬। পরিশিষ্ট 'ক' তে মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) শিক্ষার্থী অনুপাতে বোর্ড মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) এবং সাধারণ বৃত্তি (জেনারেল) প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের গ্রুপ অনুযায়ী সর্বনিম্ন জিপিএ (৪র্থ বিষয় ব্যতিত) সন্নিবেশিত হল। যদি কোন ছাত্র/ছাত্রী বর্ণিত জিপিএ এর কমে তালিকাভূক্ত হয়ে থাকে অথবা কোন ছাত্র/ছাত্রী বর্ণিত জিপিএ'র অধিক পেয়ে তালিকা থেকে বাদ পড়ে থাকে তাহলে ছাত্র/ছাত্রীদের বৃত্তি সম্পর্কিত সকল প্রমান্য কাগজপত্র অনতিবিলম্বে কার্যকর বূবস্থা গ্রহণের জন্য বোর্ডে দাখিল করবেন। ইহা বিশেষ জরুরী।

১৭। পরিশিষ্ট 'ক' তে মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) এবং সাধারণ বৃত্তি (জেনারেল) এর মাসিক হার, এককালীন অনুদান ও সময়সীমা উল্লেখ করা হয়েছে এবং পরিশিষ্ট 'খ' তে বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নামের তালিকা সন্নিবেশিত হল।

১৮। এ বিজ্ঞপ্তি প্রকাশের পর অনিচ্ছাকৃতভাবে এতে কোন ভুল-ক্রটি পরিলক্ষিত হলে তা সংশোধন, পরিবর্তন ও পরিবর্ধন করার পূর্ণ ক্ষমতা এ বোর্ডের থাকবে। প্রয়োজন বোধে কোন কারণ না দেখিয়ে যে কোন বৃত্তি বাতিল করার ক্ষমতাও বোর্ডের থাকবে। সে কারণে বৃত্তির টাকা প্রদানের পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ এ মর্মে বৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের নিকট হতে লিখিত প্রতিশ্রুতি গ্রহণ করবেন যে, তারা বোর্ডের বৃত্তি সংক্রান্ত নিয়ম-কানুন মেনে চলতে এবং প্রয়োজন হলে বৃত্তির সমস্ত টাকা ফেরত দিতে বাধ্য থাকিবে।

১৯। ২০২৩ সালের মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিয়মিত উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত ২৪২টি মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ভিত্তিতে বন্টন করা হয়েছে। সাধারণ বৃত্তির ক্ষেত্রে ১৭০৮ টি এ বোর্ডের আওতাধীন সকল উপজেলায় ০২ জন ছাত্র এবং ০২ জন ছাত্রী, মেট্রোপলিটন এলাকায় প্রতিটি থানাতে ০১ জন ছাত্র এবং ০১ জন ছাত্রীকে এলাকার কোটা অনুসারে বন্টন করা হবে।

২০। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ০১/০৮/২০২৪ খ্রিঃ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩১.০০১.০৫.২১.২৯৩ স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত কোটা অনুযায়ী বৃত্তি বন্টন করা হয়েছে।

২১। উভয় প্রকার (মেধা/সাধারণ) বৃত্তি প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ নম্বরধারীকে (ক্রমিক নং ১৪.ক এর আলোকে) ছাত্র/ছাত্রীদের মেধার ক্রমানুসারে সমান হারে তালিকা প্রকাশিত হয়েছে। বিজোড় সংখ্যা বৃত্তি প্রদানের ক্ষেত্রে সর্বশেষটি ছাত্র/ছাত্রী বিবেচনা না করে সকল শর্ত পূরণকারীদের মধ্যে থেকে অধিক নম্বরধারীকে নির্বাচন করা হয়েছে।

২২। বৃত্তির তালিকা প্রস্তুতির ক্ষেত্রে ছাত্র/ছাত্রী অনুসারে মেধা ও সাধারণ বৃত্তি ৫০% ছাত্র এবং ৫০% ছাত্রী হিসেবে বন্টিত হয়েছে। একটি বিভাগে (বিজ্ঞান/মানবিক/ব্যবসায়ী শিক্ষা) যোগ্য শিক্ষার্থী পাওয়া না গেলে অন্য বিভাগ হতে সম্পূরক বৃত্তি দেয়া হয়েছে।

২৩। বিভিন্ন বিভাগে বৃত্তি উল্লেখিত অনুপাতে বন্টিত হয়েছে : বিজ্ঞান : মানবিক : ব্যবসায়ী শিক্ষা=২:১:১

২৪। বিলম্বে ভর্তি, প্রতিষ্ঠান পরিবর্তন, বিষয় পরিবর্তন এবং অসুস্থতার কারণে সর্বোচ্চ ০১ (এক) বছর পাঠ বিরতি গ্রহণ যোগ্য। তবে সে ক্ষেত্রে বৃত্তি নিয়মিত করণ বাধ্যতামূলক।

২৫। কোন কারণে অর্থ বছরের নির্ধারত সময় পার হয়ে গেলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে সর্বোচ্চ ০১ (এক) অর্থ বছরের তামাদি (বকেয়া) বৃত্তি প্রদান করা যাবে।

২৬। এই বৃত্তির ব্যয় চলতি (২০২৪-২০২৫) অর্থ বছরের রাজস্ব বাজেটের "১২৫০২০১-১০৮৭৬২-৩৮২১১১৭" বৃত্তি/মেধাবৃত্তি খাত হতে নির্বাহ করা হবে।

**"পরিশিষ্ট-ক"**

"মেধাবৃত্তি" (ট্যালেন্টপুল) এবং "সাধারণ বৃত্তি" (জেনারেল) এর মাসিক হার, এককালীন অনুদান ও বৃত্তির সময়সীমা/মেয়াদ

| পরীক্ষার নাম | বৃত্তির প্রকার | বৃত্তির সংখ্যা | বৃত্তির হার | | বৃত্তির মেয়াদ/সময়সীমা |
|---|---|---|---|---|---|
| | | | মাসিক | এককালিন প্রতি বছর | |
| এসএসসি | মেধা | ২৪২ | ৬০০/- | ৯০০/- | ০২ বছর |
| | সাধারণ | ১৭০৮ | ৩৫০/- | ৪৫০/- | |

উপর্যুক্ত বৃত্তির সংখ্যা, হার ও মেয়াদ সরকার প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তন করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

20.08.2024

(প্রফেসর কিরীট কুমার দত্ত)
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন: ০২-৯৯৭৭-১০৪৫০

স্মারক-ময়শিবো/এসএসসি/বৃত্তি/২০২০/২০

তারিখঃ ২০/০৮/২০২৪খ্রি

অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল

১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, বার্তা বিভাগ, বাংলাদেশ জনসংযোগ দপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫,পুরানা পল্টন, ঢাকা।
৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ/ জামালপুর/ নেত্রকোনা/ শেরপুর।
৬। অত্র বোর্ডের আওতাধীন মাধমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সকল কেন্দ্র সচিব।
৭। অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
৮। অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা হিসাব রক্ষণ অফিসার।
৯। অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১০। অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা হিসাব রক্ষণ অফিসার।
১১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা/রাজশাহী/ যশোর/ চট্টগ্রাম/ সিলেট/কুমিল্লা/ বরিশাল/ দিনাজপুর।
১২। উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
১৩। এ বোর্ডের সকল অফিসারবৃন্দ।
১৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮

বৃত্তির তালিকাটি বাংলাদেশ গেজেট-এ প্রকাশ করে উক্ত গেজেটের দুটি কপি প্রমাণ ও সুত্র সংরক্ষণের জন্য শিক্ষা বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

20.8.24

(মহাঃ মশিউল আলম)
উপসচিব (আইন)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

## Stipend List

| Serial | Centre | Roll No. | Name | Name of Passing Institution |
|---|---|---|---|---|
| 1629 | Salema Khatun | 229707 | Mst. Muntaha Mun | Char Sharishabari High School |
| 1630 | Sarishabari-01 | 228626 | Farjana Jahid Jui | Sarisabari Govt. Pilot Uchcha Madhyamik |
| 1631 | Doulot Pur | 229240 | Jarin Tasnim | Jamuna Sarkarkhana High School |
| 1632 | Sarishabari-01 | 228675 | Farin Fima | Children's Home Public School |
| 1633 | Sarishabari-01 | 228686 | Asfia Azad Niha | Children's Home Public School |
| 1634 | Sarishabari-01 | 228698 | Sanjida Akter | Children's Home Public School |
| 1635 | Sarishabari-01 | 228682 | Aoyontika Saha Astha | Children's Home Public School |
| 1636 | Sarishabari-01 | 228696 | Mahjabin Tarafdar | Children's Home Public School |
| 1637 | Sarishabari-01 | 228677 | Farnaz Tarannum | Children's Home Public School |
| 1638 | Digpaith D.K.H.S | 226944 | Dil Tamanna Durdanah | Bhatara A.R. Khan Adorsha High School |
| 1639 | Sarishabari-01 | 228687 | Tahrin Rahman Toa | Children's Home Public School |
| 1640 | Sarishabari-01 | 228622 | Mst. Jannat Rehena | Sarisabari Govt. Pilot Uchcha Madhyamik |
| Category : General | Zilla : Jamalpur | Thana : Sarishabari | Group : Humanities | Total : 15 |
| 1641 | Boyra | 432575 | Nazmul Hasan Nayeem | Boyra Israil Ahmed High School |
| 1642 | Boyra | 432573 | Md. Shakib Mia | Boyra Israil Ahmed High School |
| 1643 | Boyra | 432559 | Md. Arafat Islam Anik | Boyra Israil Ahmed High School |
| 1644 | Boyra | 432558 | Md. Abir Hasan Arko | Boyra Israil Ahmed High School |
| 1645 | Sarishabari-01 | 432401 | Md. Nazmul Islam Shaon | Bhatara High School |
| 1646 | Sarishabari-01 | 432327 | Soron Hasan | Soidpur Basir Uddin High School |
| 1647 | Boyra | 432572 | Md. Raju | Boyra Israil Ahmed High School |
| 1648 | Pingna.H.S | 432605 | Mst. Fariya Akter | Pingna Girls' High School |
| 1649 | Pingna.H.S | 432608 | Mst. Rahima Akter | Pingna Girls' High School |
| 1650 | Doulot Pur | 433328 | Mst. Sarmin Akter | Pogaldigha Girls' High School |
| 1651 | Digpaith D.K.H.S | 430450 | Mst. Tithi Khatun | Bhatara A.R. Khan Adorsha High School |
| 1652 | Salema Khatun | 433864 | Mst. Israt Jahan Choity | Sarisabari Salema Khatun Girls' High |
| 1653 | Pingna.H.S | 432606 | Mst. Nusrat Jahan Nishi | Pingna Girls' High School |
| 1654 | Boyra | 432499 | Mst. Sadia | Boyra Israil Ahmed High School |
| 1655 | Digpaith D.K.H.S | 430454 | Mst. Lisa Akter | Bhatara A.R. Khan Adorsha High School |
| Category : General | Zilla : Jamalpur | Thana : Sarishabari | Group : Business | Total : 15 |
| 1656 | Sarishabari-01 | 604249 | Md. Nayon | Bausi Bangali High School And College |
| 1657 | Chaparkona | 604316 | Limon Basak | Chaparkona Mohesh Chandra High |
| 1658 | Digpaith D.K.H.S | 603502 | Md.Siam Hasan | Banagram Manik Uddin High School |
| 1659 | Sarishabari-01 | 604250 | Shishir Karmoker | Bausi Bangali High School And College |
| 1660 | Chaparkona | 604315 | Md. Rakib Hasan | Chaparkona Mohesh Chandra High |
| 1661 | Chaparkona | 604317 | Md. Sany Ahamed | Chaparkona Mohesh Chandra High |
| 1662 | Sarishabari-01 | 604244 | Md. Ruman | Bausi Bangali High School And College |
| 1663 | Sarishabari-01 | 604224 | Beauty Khatun | Sarisabari Govt. Pilot Uchcha Madhyamik |
| 1664 | Sarishabari-01 | 604222 | Sumaiya Akter | Sarisabari Govt. Pilot Uchcha Madhyamik |
| 1665 | Salema Khatun | 604401 | Mst. Helena Akter | Sarisabari Salema Khatun Girls' High |



Secretary
Board of Intermediate and Secondary Education, Mymensingh